

৯। মানসিক স্বাস্থ্য

আপনি যদি মন-দৈহিক অস্বস্তি বা মানসিক যন্ত্রণার মুহুর্তে থাকেন(কয়েকটি উদাহরণস্বরূপ বলা যায় যদি উদ্বেগ, বিষণ্ণতা বা খাদ্যাভ্যাস নিয়ে সমস্যায় পড়ে থাকেন তবে)আপনি এলাকার মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলির সাথে যোগাযোগ পারেন।

A. প্রাপ্তবয়স্কদের জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি কী কী: প্রাপ্তবয়স্কদের জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলিকে বিভক্ত করে এলাকাতে সরল কার্যকরী ইউনিটে (UF.S.) স্থাপন করা হয়েছে। ফ্লোরেন্স শহরে ৪ টি UF.S. (Quartiere 1-3, Quartiere 2, Quartiere 4 e Quartiere 5) রয়েছে এবং ১৮ বছর বা তার বেশি বয়সের মানসিক ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের সহায়তা প্রদান করে। ক্লিনিক্যাল পরিস্থিতির ধরন, তীব্রতা এবং জরুরী অবস্থার উপর নির্ভর করে, রোগীদের ক্লিনিকে (মানসিক স্বাস্থ্য কেন্দ্র) মধ্যম অবস্থানের প্রতিষ্ঠানে(সাইকিয়াট্রিক রিহ্যাবিলিটেশন ফ্যাসিলিটি) বা হাসপাতালে (সাইকিয়াট্রিক ডায়াগনসিস অ্যান্ড ট্রিটমেন্ট সার্ভিসেস) স্বাগত জানানো হয়। মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি ডাক্তার, মনোবিজ্ঞানী, নার্স, শিক্ষাবিদ এবং সমাজকর্মীদের একটি বহু-পেশাদার দল নিয়ে গঠিত যারা রোগী এবং তাদের পরিবারের সাথে একত্রিত এবং স্বতন্ত্র সহায়তার একটি থেরাপিউটিক-পুনর্বাসন প্রকল্প প্রস্তাব করার জন্য ব্যবস্থা নেয়।

B. ফ্লোরেন্সে প্রাপ্তবয়স্ক মানসিক স্বাস্থ্যকেন্দ্রের ঠিকানা

সাইকিয়াট্রিক প্রথম ভিজিটের জন্য পারিবারিক ডাক্তারের কাছ থেকে একটি আবেদন (রিকিয়েস্তা) লাগবে। প্রথমবার টেলিফোনে অথবা সশরীরে উপস্থিত হয়ে যোগাযোগ করা যেতে পারে। নার্সের উপস্থিতিসহ নির্দেশনামূলক সাক্ষাৎকারের জন্য একটি এপয়েন্টমেন্ট দেওয়া হবে এবং সেবার বিশেষজ্ঞ ডাক্তার পরবর্তী এপয়েন্টমেন্টের জন্য আবেদন লিখে দিবেন।

সাইকোলোজিস্টের সাথে প্রথম ভিজিট: পারিবারিক ডাক্তারের কাছ থেকে আবেদন লিখিয়ে আনতে হবে, ফোনের মাধ্যমে এবং/অথবা উপস্থিত হয়ে এপয়েন্টমেন্ট নিতে হবে।

নিম্নলিখিত লিঙ্কে ঠিকানা দেওয়া আছে:

<https://www.uslcentro.toscana.it/index.php/diagnosi-e-cura/620-i-servizi-per-la-salute-mentale/10698-salute-mentale-adulti>

Zona Firenze” এ ক্লিক করুন

C. মানসিক স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করার জন্য যাওয়ার জন্য নিম্নলিখিত ডকুমেন্টগুলো প্রয়োজন হবে:

পরিচয় পত্র এবং স্যানিটার কার্ড

৯। শৈশব ও বয়ঃসন্ধিকালে মানসিক স্বাস্থ্য

যদি কোন শিশু অথবা কিশোর/কিশোরী (১৮ বছর বয়স পর্যন্ত)মানসিকভাবে কোন সমস্যায় থাকে (উদাহরণস্বরূপ বলা যায় যদি উদ্বেগ, বিষণ্ণতা বা খাদ্যাভ্যাস নিয়ে সমস্যা, ভয় ইত্যাদি)আপনি এলাকার মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলির সাথে যোগাযোগ করতে পারেন।

A. শৈশব ও বয়ঃসন্ধিকালে মানসিক স্বাস্থ্যের জন্য কি কি পরিষেবা রয়েছে :

কেন্দ্রীয় USL তোসকানার শৈশব এবং বয়ঃসন্ধিকালের মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি হল ০-১৭ বছর বয়সী ব্যক্তিদের জন্য মানসিক স্বাস্থ্য এবং আসক্তি বিভাগের অন্তর্গত আঞ্চলিক সাংগঠনিক কার্তামো, যা প্রতিরোধ, সমস্যা নির্ণয়, চিকিৎসা এবং পুনর্বাসনের লক্ষ্যে শিশু নিউরোসাইকিয়াট্রি, সাইকোলজি এবং কার্যকরী পুনর্বাসনের স্বাস্থ্য পরিষেবাগুলি প্রস্তুত এবং প্রদান করে।

B. ফ্লোরেন্টাইন এলাকায় অ্যাক্সেস

শৈশব ও বয়ঃসন্ধিকালের মানসিক স্বাস্থ্যকেন্দ্রের ঠিকানা ও যোগাযোগ

নিম্নলিখিত লিঙ্কে ঠিকানা এবং ফোন নাম্বার আছে:

<https://www.uslcentro.toscana.it/index.php/diagnosi-e-cura/620-i-servizi-per-la-salute-mentale/10710-neuropsichiatria-infantile>

Zona Firenze” এ ক্লিক করুন

৭ থেকে ১৪ বছর বয়সী শিশুদের বুঝার ক্ষমতা বিশেষভাবে যাচাই করার জন্য প্রথম অ্যাক্সেসের জন্য “বুঝার অক্ষমতা” এই সমস্যার জন্য "নিউরোসাইকোলজিক্যাল ভিজিট"লেখা ডাক্তারের প্রেসক্রিপশন সহ মেট্রোপলিটান CUP এর সাথে যোগাযোগ করা প্রয়োজন।

নিউরোসাইকিয়াট্রিক, সাইকোলজিক্যাল বা নিউরোসাইকোলজিক্যাল ভিজিটের জন্য অন্য সব আবেদনের ক্ষেত্রে এমনকি সরাসরি অ্যাক্সেস করেও ভিজিট করা সম্ভব:

সোমবার, বুধবার এবং শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত 055 6934438 এই নাম্বারে ফোন করতে হবে।

ভিজিটের প্রেসক্রিপশন এবং যোগাযোগ করার জন্য একটি ফোন নাম্বার দিয়ে এই ঠিকানায় মেইল পাঠাতে হবে।
salutementaleinfanzia.firenze@uslcentro.toscana.it

সোমবার থেকে শুক্রবার সকাল ৯.০০ টা থেকে ১২.০০ টা পর্যন্ত ভিয়া D'Annunzio 29 তে অবস্থিত D'Annunzio স্বাস্থ্য কেন্দ্রের (সামনের অফিস প্রথম তলায়) অফিসে সরাসরি যেতে পারেন।

C. Documenti necessari per accedere ai servizi di salute mentale per infanzia e adolescenza:

c. শৈশব এবং কৈশোর মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি অ্যাক্সেস করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টগুলি:

- প্রথম অ্যাক্সেসের ক্ষেত্রে, একটি বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিটের জন্য প্রেসক্রিপশন উপস্থাপন করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

-এই পরিষেবাটি অপ্রাপ্তবয়স্কদের উদ্দেশ্যে হওয়ায় পিতামাতার উভয়ের সম্মতি প্রয়োজন।